

আজ শুরু হচ্ছে তিনদিনের আন্তর্জাতিক পর্যটন মেলা

- A Monitor Desk Report

Date: 06 February, 2025



ঢাকা: আজ (৬ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁ হোটেলের বলরুমে তিনদিনের আন্তর্জাতিক পর্যটন মেলা 'ইউএস-বাংলা এয়ারলাইন্স ঢাকা ট্রাভেল মার্ট ২০২৫' উদ্বোধনের কথা থাকলেও সকাল থেকেই অনেক দর্শনার্থী আসতে শুরু করেছেন মেলা প্রাঙ্গণে।

সকাল ১০ টার দিকে গেট খোলার পরপরই মেলা প্রাঙ্গণে ভিড় জমাতে শুরু করেছেন দর্শনার্থীরা। তারা বলেন, প্রথম দিকে শুধু স্টল ঘুরে দেখার জন্য আসা, কেনাকাটা শুরু হবে আনুষ্ঠানিক উদ্বোধনের পরে।

বাংলাদেশ মনিটর কর্তৃক আয়োজিত জনপ্রিয় এই পর্যটন মেলার এটি বিশতম আসর। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী আজ বেলা ৩টায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ মনিটর সম্পাদক কাজী ওয়াহিদুল আলম, বাংলাদেশে মালয়েশিয়ার হাইকমিশনার মোঃ সুহাদা ওখমান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবির ভূঁইয়া, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী আবু তাহির মোহাম্মদ জাবের।

এছাড়াও বক্তব্য রাখেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (বিক্রয়) মোহাম্মদ শামসুল করিম, ইউএস-বাংলা এয়ারলাইন্সের

মহাব্যবস্থাপক (জনসংযোগ) কামরুল ইসলাম, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ শাফকাত হোসেন, ফার্স্টট্রিপের প্রধান পরিচালন কর্মকর্তা হাসনাইন রফিক, আকিজ এয়ারের প্রধান বানিজ্যিক কর্মকর্তা দারাজ মাহমুদ।

এবারের পর্যটন মেলায় ইউএই, ইরান, মালদ্বীপ, মালয়েশিয়া, থাইল্যান্ড, নেপাল, জর্ডান, ভারত এবং স্বাগতিক বাংলাদেশের ৫০টির অধিক প্রতিষ্ঠান ও সংস্থা তাদের পন্য ও সেবা প্রদর্শন করছে। অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছে জাতীয় পর্যটন সংস্থা, এয়ারলাইন, ট্রাভেল এজেন্সী, হোটেল ও রিসোর্ট, ট্যুর অপারেটর, আর্থিক প্রতিষ্ঠানসহ ভ্রমণ ও পর্যটন সংক্রান্ত অন্যান্য কোম্পানি।

মেলা চলাকালীন অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে ভিজিটরদের জন্য বিভিন্ন আকর্ষণীয় অফার ঘোষণা করা হয়েছে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স তাদের ১০টি আন্তর্জাতিক গন্তব্যে ভ্রমণের ক্ষেত্রে এয়ার টিকিটের ওপর ১৫ শতাংশ মূল্যছাড় প্রদান করছে। অনলাইন ট্রাভেল এজেন্সী ফার্স্টট্রিপ দেশের ভেতরে ইউএস-বাংলা এয়ারলাইন্স এবং এয়ার এন্ড্রায় ভ্রমণের ক্ষেত্রে একটি টিকিট কিনলে আরেকটি ফ্রি টিকিট পাচ্ছেন। এছাড়াও অন্যান্য অংশগ্রহণকারীরাও দেশ-বিদেশের এয়ারটিকিট, হোটেল ও রিসোর্ট রুম, ভ্রমণ প্যাকেজ ইত্যাদির ওপর আকর্ষণীয় মূল্যছাড় প্রদান করছে।

এবারের আসরে টাইটেল স্পন্সরের ভূমিকা পালন করছে দেশের শীর্ষস্থানীয় বিমান সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স। কো-স্পন্সর হিসেবে যুক্ত হয়েছে শীর্ষস্থানীয় অনলাইন ট্রাভেল এজেন্সী ফার্স্টট্রিপ এবং ট্রাভেল কোম্পানি আকিজ এয়ার। মেলার এয়ারলাইন পার্টনার জাতীয় বিমান সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং ব্যাংকিং পার্টনার মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক।

ইউএস-বাংলা এয়ারলাইন্স ঢাকা ট্রাভেল মার্চ ২০২৫ আগামী ৮ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে। প্রবেশ ফি নির্ধারিত হয়েছে জনপ্রতি ৫০টাকা। ভিজিটররা প্রবেশ টিকিটের ওপর আয়োজিত র্যা ফেল ড্র'তে ৪৫টি আকর্ষণীয় পুরস্কার জেতার সুযোগ পাবেন। র্যা ফেল পুরস্কারের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক গন্তব্যে ভ্রমণের জন্য রিটার্ন এয়ারটিকিট, দেশে ও বিদেশে বিভিন্ন আন্তর্জাতিক মানের হোটেল ও রিসোর্টে আবাসন, দেশের তারকা হোটেলগুলোতে লাঞ্চ ও ডিনার ইত্যাদি।

-B